উপজেলা পরিষদ
ত্রিশাল, ময়মনসিংহ।
ত্রিশাল উপজেলা পরিষদ এর জুন /২০২৩ মাসের মাসিক সভার কার্যবিবরণী।

সভাপতি : মোঃ আবদুল মতিন
চেয়ারম্যান, উপজেলা পরিষদ
ত্রিশাল, ময়মনসিংহ।

স্থান : উপজেলা পরিষদ সভাকক্ষ।
তারিখ : ১৫/০৬/২০২৩ খ্রি.
সময় : বেলা ১১:০০ ঘটিকা।

উপস্থিত সদস্য : পরিশিষ্ট "ক"

সভাপতি উপস্থিত সদস্যগণকে শুভেচ্ছা জ্ঞাপন করে সভার কাজ শুরু করেন। তিনি সভায় আলোচ্যসূচি অনুযায়ী সভা পরিচালনার জন্য উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ জানান। উপজেলা নির্বাহী অফিসার জনাব জুয়েল আহমেদ সম্মানিত সদস্যগণকে স্বাগত ও শুভেচ্ছা জানিয়ে গত ১৬/০৫/২০২৩ খ্রি. তারিখে অনুষ্ঠিত উপজেলা পরিষদের মাসিক সভার কার্যবিবরণী পাঠ করে শুনান এবং গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়নের অগ্রগতি পর্যালোচনা করেন। পঠিত কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হয়।

অত:পর আলোচ্যসূচির ক্রমধারা অনুযায়ী বিভাগীয় কর্মকর্তাগণকে তাঁদের বিভাগীয় কার্যাবলী এবং অগ্রগতি উপস্থাপন করার জন্য অনুরোধ জানানো হয় এবং আলোচনান্তে নিম্নেবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্র.নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ০১ | এলজিইডিঃ<br>উপজেলা প্রকৌশলী অত্র মাসিক সাধারণ সভায় সম্মানিত সভাপতিসহ সকল সদস্যগণকে শুভেচ্ছা ও সালাম জানিয়ে অবহিত করেন যে, ময়মনসিংহ জেলা উন্নয়ন প্রকল্প থেকে অত্র উপজেলায় বাস্তবায়নের জন্য ১৫ টি স্কীমের প্রাক্কলন প্রেরনের জন্য নির্দেশনা পাওয়া যায়। এছাড়া উপজেলা পরিষদের ২০২২-২৩ অর্থ বছরের এডিপি থেকে অনুমোদিত সকল স্কীমের টেন্ডার আহ্বান করা হয়েছে। আশা করি নির্ধারিত সময়ের মধ্যে সকল কাজ সম্পন্ন হবে। সকলের সহযোগীতা কামনা করছি। | উপজেলা প্রকৌশল বিভাগের সার্বিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী এলজিইডি, ত্রিশাল,ময়মনসিংহ। |
| | উপজেলা নির্বাহী অফিসার বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন, ময়মনসিংহ এর স্মারক নং-১২.০৬.৬১০০.৬৫১.১৮.০১৪.২৩-৭৩৬ তারিখ ঃ ১৩/০৬/২০২৩ খ্রিঃ মূলে সভায় জানান যে, ত্রিশাল উপজেলা পরিষদের অভ্যন্তরে অবস্থিত পুরাতন, ঝুকিপূর্ণ দুতলা টিটিডিসি ভবনে পরিচালিত বিএডিসি ইউনিট অফিসের কার্যক্রম ময়মনসিংহ সদর ইউনিট অফিসে স্থানান্তরিত করা হয়েছে। উক্ত ভবনে বিএডিসির আর কোন কার্যক্রম পরিচালিত হচ্ছে না। এছাড়া উল্লেখ্য যে, উক্ত দুতলা টিটিডিসি ভবনটি বিএডিসির স্থাবর অস্থাবর সম্পত্তির অংশ নয়।<br><br>এমতাবস্থায় তিনি, পুরাতন, ঝুকিপূর্ণ দুতলা টিটিডিসি ভবনটি অপসারনের জন্য সভায় প্রস্তাব করেন। সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয় এবং আলোচনান্তে, পুরাতন, ঝুকিপূর্ণ দুতলা টিটিডিসি ভবনটি অপসারনের জন্য ০৭ দিনের মধ্যে প্রাক্কলন প্রস্তুতের জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করা হয়। | প্রস্তাবমতে, পুরাতন, ঝুকিপূর্ণ দুতলা টিটিডিসি ভবনটি অপসারনের জন্য ০৭ দিনের মধ্যে প্রাক্কলন প্রস্তুতের সিদ্ধান্ত গৃহীত হয়। | |

| | | | |
|---|---|---|---|
| | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ত্রিশাল, ময়মনসিংহ মরহুম ছফির উদ্দিন শেখ এর নামে রাস্তার নামকরনের বিষয়ে জানতে চাইলে উপজেলা প্রকৌশলী জানান কোন ব্যক্তির নামে রাস্তার নামকরন করতে চাইলে রেজুলেশনে অনুমোদন নিয়ে মিনিস্ট্রিতে পাঠাতে হবে। মিনিস্ট্রির অনুমোদন নিয়ে গেজেটে তালিকাভূক্ত করতে হবে।<br>সভাপতি মহোদয় নিয়মানুযায়ী মরহুম ছফির উদ্দিন শেখ এর নামে রাস্তার নামকরনের বিষয়টি অনুমোদনের জন্য সভায় প্রস্তাব করেন। এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। | প্রস্তাবমতে, মরহুম ছফির উদ্দিন শেখ এর নামে রাস্তার নামকরনের বিষয়টি অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| ০২ | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা বিভাগ :<br>উপজেলা স্বাস্থ্য ও প:প: কর্মকর্তা সভায় জানান যে, হাসপাতালে ময়লার ভাগারের দূর্গন্ধের সমস্যা অনেকাংশে সমাধান হয়েছে।<br><br>উপজেলা নির্বাহী অফিসার সভাপতির অনুমতিক্রমে ময়লার ভাগারের দূর্গন্ধের সমস্যা সমাধানের জন্য মেয়র মহোদয়কে চিঠি প্রেরণ করতে বলেন। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা বিভাগের সার্বিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, ত্রিশাল, ময়মনসিংহ। |
| ০৩ | উপজেলা কৃষি বিভাগ :<br>উপজেলা কৃষি কর্মকর্তা সভায় জানান যে, সমন্বিত খামার যান্ত্রিকীকরনের মাধ্যমে কৃষকদের মাঝে ৫০% ভর্তুকিতে ৯টি যন্ত্র এখন প্রর্যন্ত প্রদান করা হয়েছে। এর মধ্যে পাওয়ার থ্রেসার আছে ০৭টি এবং মেইজ শেলার আছে ০২টি। আসন্ন আমন মৌসুমের প্রনোদনা এসেছে । ৮০০ জন কৃষকের মধ্যে ইউনিয়ন ওয়ারী সুষ্ঠ বিভাজনের মাধ্যমে অতি শীঘ্রই বিতরণ সম্পন্ন হবে।<br>এছাড়া আবাদ পরিস্থিতি এবং সারের মজুদ স্বাভাবিক ভাবে চলমান আছে। | উপজেলা কৃষি বিভাগের সার্বিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা কৃষি কর্মকর্তা, ত্রিশাল, ময়মনসিংহ। |
| ০৪ | উপজেলা মৎস্য বিভাগ :<br>সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। কোন সমস্যা নেই। | উপজেলা মৎস্য বিভাগের সার্বিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মৎস্য কর্মকর্তা, ত্রিশাল, ময়মনসিংহ। |
| ০৫ | উপজেলা প্রাণিসম্পদ বিভাগ :<br>উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা সভায় জানান যে, আসন্ন কোরবানির ঈদ উপলক্ষে বিক্রেতার ও ক্রেতার সুবিধার্থে স্টেরয়েড মুক্ত গরু ও সুস্থ কোরবানির গরু সরবরাহের জন্য মোবাইল ভেটেরিনারি মেডিকেল টীম গঠন করতে হবে। ত্রিশাল গরুহাটা বাজারে ঘাসের বাজার তৈরীর জন্য কাজ করা হচ্ছে। এছাড়া দপ্তরের অনান্য স্বাভাবিক কার্যক্রম চলবে। | ঈদ-উল আযহা উপলক্ষে স্টেরয়েড মুক্ত গরু ও সুস্থ কোরবানির গরু সরবরাহের জন্য মোবাইল ভেটেরিনারি মেডিকেল টীম গঠন করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, ত্রিশাল, ময়মনসিংহ। |
| ০৬ | উপজেলা সমাজসেবা বিভাগ ঃ<br>উপজেলা সমাজসেবা অফিসার সভায় জানান যে, অত্র অফিস থেকে নিয়মিত প্রত্যক্ষভাবে প্রায় ৪০ হাজার উপকারভোগীকে সেবা দিয়ে থাকি।আমার অফিস ভবনটি অত্যন্ত পুরাতন ও নাজুক হওয়ায় অতি জরুরী ভিত্তিতে মেরামত করা আবশ্যক হয়ে পরেছে। সামনে বর্ষাকাল আসন্ন, বৃষ্টি হলেই অফিসে পানি পড়ে কম্পিউটার সামগ্রী ও অন্যান্য জিনিস নষ্ট হয়ে যাচ্ছে। তাছাড়া উপজেলা কমপ্লেক্স ভবনের পাইলিং করার ফলে সমাজসেবা ভবনের দেওয়ালে ফাটল ও টিনের চাল ব্যপকভাবে ক্ষতিগ্রস্থ হয়েছে। এমতাবস্থায় উপজেলা চেয়ারম্যান, উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা প্রকৌশলী মহোদয়কে ভবনটি পরিদর্শন করে প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়ার জন্য অনুরোধ করছি। অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | ০১। উপজেলা সমাজসেবা বিভাগের সার্বিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়।<br>০২। প্রস্তাবমতে, উপজেলা প্রকৌশলীকে ভবনটি সরেজমিনে পরিদর্শন করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা সমাজসেবা কর্মকর্তা, ত্রিশাল, ময়মনসিংহ। |

| | | | |
|---|---|---|---|
| ০৭ | উপজেলা প্রাথমিক শিক্ষা বিভাগ :<br>উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার সভাপতির বিনানুমতিক্রমে সভায় অনুপস্থিত থাকায় কোন আলোচনা করা সম্ভব হয়নি, পাশাপাশি তাকে অনুপস্থিতির যথোপযুক্ত কারন ব্যাখ্যা করার জন্য চিঠি প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়। | আলোচনান্তে উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসারকে অনুপস্থিতির যথোপযুক্ত কারন ব্যাখ্যা করার জন্য চিঠি প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী কর্মকর্তা, ত্রিশাল, ময়মনসিংহ। |
| ০৮ | উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগ :<br>উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার সভায় জানান যে,<br>১। শিক্ষার্থীদের ৬ষ্ঠ ও ৭ম শ্রেণির অর্ধবার্ষিক মূল্যায়ন কার্যক্রম চলমান আছে।<br>২। মাধ্যমিক স্কুল মাদ্রাসার পিবিজিএসআই এর অনুকুলে অনুদান প্রাপ্তির আবেদন সংগ্রহপূর্বক উপজেলা কমিটি কর্তৃক যাচাই বাচাই করে উর্ধ্বতন কর্তৃপক্ষ বরাবরে প্রেরণ।<br>৩। শিক্ষার্থীর ইউআইডি করণের লক্ষ্যে প্রতিষ্ঠান কর্তৃক শিক্ষার্থীর তথ্য অনলাইনে এন্ট্রিকরণ ও অগ্রায়ন কাজ চলমান।<br>৪। ধারাবাহিক মূল্যায়নের জন্য জেলা পর্যায়ের প্রশিক্ষণে শিক্ষক নির্বাচন করে প্রশিক্ষণে প্রেরণ।<br>৫। বাদপড়া প্রতিষ্ঠানের আইএসএএস তথ্য হালনাগাদ করণের কাজ চলমান।<br>৬। সমন্বিত উপবৃত্তির তথ্য সংশোধনের কাজ চলমান।<br><br>এছাড়া বিভাগীয় সাধারণ কার্যক্রম এবং উর্ধ্বতন কর্তৃপক্ষ কর্তৃক আরোপিত অনান্য কার্যক্রম চলমান আছে। | উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগের সার্বিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, ত্রিশাল, ময়মনসিংহ। |
| ০৯ | উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগ :<br>উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় জানান যে, অত্র কার্যালয় থেকে<br>এবং ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র সমূহ হতে নিয়মিত পরিকল্পনা সেবা মা ও শিশু সাস্থ্য সেবা প্রদান করা হচ্ছে। বিভাগীয় অন্যান্য কার্যক্রম সুষ্ঠভাবে চলমান আছে। | উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগের সার্বিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, ত্রিশাল, ময়মনসিংহ। |
| ১০ | দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ বিভাগ :<br>উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় জানান যে,<br>টিয়ার,কাবিখা/কাবিটা ঃ ১ম ৩য় পর্যায়ের কাজ শতভাগ বাস্তবায়ন করা হয়েছে। ৩য় পর্যায়ে উপজেলা পরিষদের সাধারণ টি আর এর বরাদ্দ পাওয়া গিয়েছে। ইতোমধ্যে আয়তন ও জনসংখ্যার ভিত্তিতে ২০% উপজেলা পরিষদের জন্য রিজার্ভ রেখে অবশিষ্ট টাকা ইউনিয়নে বরাদ্দ দেওয়া হয়েছে। দ্রুত প্রকল্প তালিকা ও পিআইসি জমা দেওয়ার জন্য সংশ্লিষ্টদের অনুরোধ করা হলো। যেহেতু ৩০জুন/২৩ এর মধ্যে বাস্তবায়ন করতে হবে। সেহেতু দ্রুত কাজ বাস্তবায়নের জন্য অনুরোধ করা হলো।<br>ইজিপিপিঃ ২য় পর্যায়ের ইজিপিপি এর কাজ ইতিমধ্যে শেষ হয়েছে। বিল প্রক্রিয়াধীন রয়েছে।<br>এইচবিবিঃ অত্র উপজেলায় ৩ কিঃমিঃ এইচবিবি রাস্তা বাস্তবায়ন করা হয়েছে। বিল প্রদান প্রক্রিয়াধীন।<br>ব্রীজ/কালভার্ট ঃ অত্র উপজেলায় ০৫ টি ব্রীজ এর কাজ বাস্তবায়ন করা হয়েছে।<br>কানিহারী ইউনিয়নে আগুনে পুড়ে চারটি পরিবার ক্ষতিগ্রস্থ হয়েছিলো। ক্ষতিগ্রস্থ পরিবারের জন্য ০২ বান্ডিল করে মোট ০৮ বান্ডিল ঢেউটিন ও প্রতি বান্ডিল ঢেউটিনের জন্য নগদ ৩০০০/- টাকা বরাদ্দ পাওয়া গিয়েছে।বিতরণ প্রক্রিয়াধীন। এছাড়া একই ইউনিয়নে বজ্রপাতে একজন নিহত ও একজন | উপজেলা দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ বিভাগের সার্বিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, ত্রিশাল, ময়মনসিংহ। |

| | | | |
|---|---|---|---|
| | আহত হয়েছিলেন। নিহত ব্যক্তির জন্য ২৫,০০০/- টাকা ও আহত ব্যক্তির জন্য ১৫০০০/- টাকা বরাদ্দ পাওয়া গিয়েছে। বিতরণ প্রক্রিয়াধীন।<br>ভিজিএফ ঃ ঈদুল আযহার জন্য ভিজিএফ এর বরাদ্দ পাওয়া গিয়েছে। ঈদের পূর্বেই ২৫/০৬/২০২৩ খ্রিঃ এর মধ্রে বিতরনের জন্য সংশ্লিষ্ট ইউনিয়ন চেয়ারম্যানগনকে অনুরোধ করা হলো।<br>এছাড়া বিভাগের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। কোন সমস্যা নেই। | | |
| ১১ | উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ :<br>সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য সভাপতির বিনানুমতিক্রমে সভায় অনুপস্থিত থাকায় কোন আলোচনা করা সম্ভব হয়নি, পাশাপাশি তাকে অনুপস্থিতির যথোপযুক্ত কারন ব্যাখ্যা করার জন্য চিঠি প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়। | আলোচনান্তে সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্যকে অনুপস্থিতির যথোপযুক্ত কারন ব্যাখ্যা করার জন্য চিঠি প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী কর্মকর্তা, ত্রিশাল, ময়মনসিংহ। |
| ১২ | উপজেলা মহিলা বিষয়ক বিভাগ ঃ<br>উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা শারীরিক অসুস্থতার কারনে সভায় অনুপস্থিত থাকায় কোন আলোচনা করা সম্ভব হয়নি। | - | - |
| ১৩ | উপজেলা সমবায় বিভাগ ঃ<br>উপজেলা সমবায় কর্মকর্তা সভায় জানান যে, সার্বিক গ্রাম উন্নয়ন কর্মসূচী (৩য় পযায়ে ) এর আওতায় ২ মাস ব্যাপী দেশের সনামধন্য প্রশিক্ষন কেন্দ্রে আর্ন্তজাতিক মান সম্পন্ন বিভিন্ন ট্রেডে প্রশিক্ষন অব্যহত রয়েছে। এছাড়া দাপ্তরিক অনান্য কার্যক্রম সুষ্ঠভাবে চলছে। | উপজেলা সমবায় বিভাগের সার্বিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা সমবায় কর্মকর্তা, ত্রিশাল, ময়মনসিংহ। |
| ১৪ | উপজেলা বন বিভাগ :<br>ফরেস্টার সভাপতির বিনানুমতিক্রমে সভায় অনুপস্থিত থাকায় কোন আলোচনা করা সম্ভব হয়নি, পাশাপাশি তাকে অনুপস্থিতির যথোপযুক্ত কারন ব্যাখ্যা করার জন্য চিঠি প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়। | আলোচনান্তে ফরেস্টারকে অনুপস্থিতির যথোপযুক্ত কারন ব্যাখ্যা করার জন্য চিঠি প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী কর্মকর্তা, ত্রিশাল, ময়মনসিংহ। |
| ১৫ | উপজেলা যুব উন্নয়ন বিভাগ :<br>উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা জানান যে, অত্র কার্যালয়ের ২০২২/২৩ অর্থবছরের লক্ষমাত্রা অনুযায়ী যুব প্রশিক্ষন ও যুব ঋন বিতরণ সম্পন্ন হয়েছে। আগামী অর্থ বছরে পরিচালনার জন্য যুব প্রশিক্ষনের বিভিন্ন ট্রেডের বিজ্ঞপ্তি প্রকাশিত করা হয়েছে। এ ব্যাপারে বিজ্ঞপ্তি মোতাবেক প্রশিক্ষনাথীর্দের সাক্ষাৎকার নেয়া হবে।<br>দপ্তরের অন্যান্য কার্যক্রম যথারিতি চলমান আছে। | উপজেলা যুব উন্নয়ন বিভাগের সার্বিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, ত্রিশাল, ময়মনসিংহ। |
| ১৬ | উপজেলা পল্লী উন্নয়ন বিভাগ ঃ<br>উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা জানান যে, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড (বিআরডিবি) এর কার্যক্রম উর্ধ্বতন কর্তৃপক্ষের নির্দেশক্রমে স্বাভাবিক গতিতে চলছে। কোন সমস্যা নেই। | উপজেলা পল্লী উন্নয়ন বিভাগের সার্বিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, ত্রিশাল, ময়মনসিংহ। |
| ১৭ | উপজেলা আনসার ও ভিডিপি বিভাগ ঃ<br>উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা জানান যে, তার দপ্তরের মাধ্যমে বাস্তবায়িত কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। কোন সমস্যা নেই। | উপজেলা আনসার ও ভিডিপি বিভাগের সার্বিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, ত্রিশাল, ময়মনসিংহ। |

| | | | |
|---|---|---|---|
| ১৮ | উপজেলা আইসিটি বিভাগ ঃ<br>উপজেলা আইসিটি কর্মকর্তা সভায় জানান যে, তার দপ্তরের মাধ্যমে বাস্তবায়িত কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। কোন সমস্যা নেই।<br>উপজেলা নির্বাহী অফিসার, ওয়েব সাইট আপডেট করার জন্য সিডিউল করে ০২ টি করে দপ্তরের তথ্য আপলোড করতে বলেন। | প্রস্তাবমতে, ওয়েব সাইট আপডেট করার জন্য সিডিউল করে ০২ টি করে দপ্তরের তথ্য আপলোড করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা আইসিটি কর্মকর্তা, ত্রিশাল, ময়মনসিংহ। |
| ১৯ | ইউজিডিপি :<br>ইউডিএফ, ইউজিডিপি সভায় জানান যে, প্রকল্পের কাজ স্বাভাবিকভাবে চলমান রয়েছে। ৫ম রাউন্ডের কার্যক্রম সম্পন্ন হয়েছে এবং ৬ষ্ঠ রাউন্ডের প্রকল্প বরাদ্দের অনুমোদনপত্র এখনও আসে নাই, তবে অতিশীঘ্রই এসে যাবে আশা করছি। বরাদ্দের অনুমোদন পেলে সে অনুযায়ী প্রকল্প প্রস্তাব পাঠাতে হবে। | ইউজিডিপি বিভাগের সার্বিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | ইউডিএফ, ইউজিডিপি ত্রিশাল, ময়মনসিংহ। |
| ২০ | পল্লী জীবিকায়ন প্রকল্প ঃ<br>উপজেলা প্রকল্প কর্মকর্তা সভায় জানান যে, পল্লী জীবিকায়ন প্রকল্প ২০২২-২৩ অর্থ বছরের লক্ষ্যমাত্রা অনুযায়ী সাংগঠনিক কার্যক্রম ও উপকারভোগীদের প্রশিক্ষন ১০০% অর্জন নিশ্চিত করা হয়েছে। সামাজিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | পল্লী জীবিকায়ন বিভাগের সার্বিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | প্রকল্প কর্মকর্তা, পল্লী জীবিকায়ন ত্রিশাল, ময়মনসিংহ। |
| ২১ | উপজেলা তথ্যকেন্দ্র ঃ<br>উপজেলা তথ্য আপা সভায় জানান যে, সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। এ মাসে প্রায় ৪৩৫ জনকে বিভিন্ন খাতে সেবা দেয়া হয়েছে। এছাড়া এমাসে ০২ টি উঠান বৈঠক সম্পন্ন হয়েছে। | উপজেলা তথ্যকেন্দ্রের সার্বিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | তথ্য আপা, উপজেলা তথ্যকেন্দ্র ত্রিশাল, ময়মনসিংহ। |

সভাপতি উপস্থিত সকল সদস্যকে আগামী দিনগুলিতে নিজ নিজ দায়িত্ব সঠিকভাবে পালন করে ত্রিশাল উপজেলার উন্নয়নে সহযোগিতা করার অনুরোধ জানান। অত:পর সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি আবারও সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মোঃ আবদুল মতিন)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
ত্রিশাল, ময়মনসিংহ

স্মারক নং-০৫.৪৫.৬১৯৪.০১৭.০৬.০০২.২০২৩-৫৩১

তারিখ : ১৫/০৬/২০২৩ খ্রিঃ

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে প্রেরণ করা হলো :

১। জনাব মোঃ হাফেজ রুহুল আমিন মাদানী, মাননীয় জাতীয় সংসদ সদস্য, ১৫২ ময়মনসিংহ-৭, ত্রিশাল, ময়মনসিংহ।
২। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, ঢাকা।
৩। বিভাগীয় কমিশনার, ময়মনসিংহ বিভাগ।
৪। জেলা প্রশাসক, ময়মনসিংহ।
৬। উপ-পরিচালক, স্থানীয় সরকার বিভাগ, ময়মনসিংহ।
৬। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ত্রিশাল, ময়মনসিংহ।
৭। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ত্রিশাল, ময়মনসিংহ।
৮। উপজেলা ------------------------------ অফিসার, ত্রিশাল, ময়মনসিংহ।
৯। চেয়ারম্যান ----------------------- ইউনিয়ন পরিষদ (সকল), ত্রিশাল, ময়মনসিংহ।

১৫-৬-২০২৩
(জুয়েল আহমেদ)
উপজেলা নির্বাহী অফিসার
ত্রিশাল, ময়মনসিংহ।

উপজেলা পরিষদ
ত্রিশাল, ময়মনসিংহ।

স্মারক নং-০৫.৪৫.৬১৯৪.০১৭.০৫.০০১.২৩- ৪৪৫ তারিখ ঃ ০৭/০৬/২০২৩ খ্রি.

সভার নোটিশ

আগামী ১৫ জুন ২০২৩ খ্রি. তারিখ রোজ বৃহস্পতিবার, সকাল ১১.০০ ঘটিকায় উপজেলা পরিষদের মাসিক সাধারণ সভা অনুষ্ঠিত হবে। উক্ত সভায় সভাপতিত্ব করবেন জনাব মোঃ আবদুল মতিন, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ত্রিশাল, ময়মনসিংহ। উপজেলা পরিষদের সকল সদস্য ও উপজেলা পর্যায়ের সরকারি দপ্তরের প্রধানগণকে নির্ধারিত সময়ে সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।

উল্লেখ্য যে, স্ব-স্ব বিভাগের সভার কার্যবিবরণী জনাব নাঈমা হক, সি.এ উপজেলা পরিষদ, ত্রিশাল, ময়মনসিংহ এর নিকট জমা দেওয়ার জন্য অনুরোধ করা হলো।

সভার স্থান ঃ রাশেদুল ইসলাম কনফারেন্স রুম, উপজেলা পরিষদ, ত্রিশাল, ময়মনসিংহ।

সভার আলোচ্য সূচী ঃ

(ক) বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন।

(খ) গৃহীত সিদ্ধান্তের অগ্রগতির পর্যালোচনা।

(গ) বিভিন্ন বিভাগীয় কার্যক্রম সম্পর্কে আলোচনা।

(ঘ) বিবিধ।

১। উপজেলা ..........................................অফিসার, ত্রিশাল, ময়মনসিংহ।
২। চেয়ারম্যান, ..............................ইউনিয়ন পরিষদ, ত্রিশাল, ময়মনসিংহ।

০৭/৬/২০২৩
(জুয়েল আহমেদ)
উপজেলা নির্বাহী অফিসার
ত্রিশাল, ময়মনসিংহ।

বিতরণ ঃ সদয় জ্ঞাতার্থে / কার্যার্থে ঃ

১. আলহাজ্ব হাফেজ মাওলানা রুহুল আমিন মাদানী, মাননীয় জাতীয় সংসদ সদস্য, ১৫২ ময়মনসিংহ-৭, ত্রিশাল, ময়মনসিংহ।
২. বিভাগীয় কমিশনার, ময়মনসিংহ বিভাগ।
৩. বিজ্ঞ জেলা ম্যাজিস্ট্রেট ও জেলা প্রশাসক, ময়মনসিংহ।
৪. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ত্রিশাল, ময়মনসিংহ।
৫. মেয়র, ত্রিশাল পৌরসভা।
৬. ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ত্রিশাল, ময়মনসিংহ।
৭. মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ত্রিশাল, ময়মনসিংহ।
৮. অফিস কপি।